U.S. DEPARTMENT OF HEALTH AND HUMAN SERVICES
Office for Civil Rights

# আপনার অধিকারসমূহ জানুন
# হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেসে ভাষাগত অ্যাক্সেস

যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (HHS) নিশ্চিত করতে চায় যাতে আমেরিকার প্রত্যেকে তাদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা ও মানব সেবা পেতে পারেন। এর মধ্যে রয়েছে যারা ভালো ইংরেজি বলতে পারেন না এবং প্রতিবন্ধী ব্যক্তিরা। HHS বিশ্বাস করে যে প্রত্যেকের সাথে ন্যায্যভাবে এবং সম্মানের সাথে আচরণ করা উচিত।

HHS-এর অফিস ফর সিভিল রাইটস (OCR) এমন আইনসমূহ প্রয়োগ করে যা আপনার জাতি, বর্ণ, জাতিগত উৎস, লিঙ্গ, বয়স, ধর্ম ও অক্ষমতার উপর ভিত্তি করে স্বাস্থ্য এবং মানব সেবায় বৈষম্যের বিরুদ্ধে আপনাকে রক্ষা করে। HHS OCR এমন আইনও প্রয়োগ করে যা আপনার মেডিকেল রেকর্ডের গোপনীয়তা ও নিরাপত্তা সুরক্ষিত রাখে।

আপনার জাতি, বর্ণ, জাতিগত উৎস, লিঙ্গ, বয়স, ধর্ম, বা অক্ষমতার কারণে বেশিরভাগ স্বাস্থ্যসেবা পরিষেবা এবং প্রোগ্রামগুলিতে আপনাকে স্বাস্থ্যসেবার কভারেজ বা চিকিৎসা থেকে বঞ্চিত করা যাবে না।

## সবার জন্য ভাষাগত সাহায্য – গুরুত্বপূর্ণ অধিকারসমূহ

- ডাক্তার, নার্স, হাসপাতাল, ক্লিনিক, বা সামাজিক পরিষেবাগুলির মতো কোনো স্বাস্থ্যসেবা প্রদানকারী দ্বারা আপনাকে বাদ দেওয়া, বেনিফিট দিতে অস্বীকার করা, বা বৈষম্য করা যাবে না।
- বৈষম্যমুক্তভাবে টেলিহেলথ, ওয়েবসাইট, এবং মোবাইল অ্যাপ সহ সশরীরে বা দূরবর্তীভাবে স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার আপনার রয়েছে।
- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীদের নিশ্চিত করতে হবে যে আপনার যখন তাদের যত্ন বা পরিষেবার প্রয়োজন হয় তখন তারা যেন আপনার সাথে এমনভাবে যোগাযোগ করতে পারেন যাতে আপনি তাদেরকে বুঝতে পারেন।
- যদি আপনি বা আপনার সঙ্গের কেউ ভালোভাবে ইংরেজি বলতে না পারেন অথবা ইংরেজি ভালোভাবে পড়তে, লিখতে, বলতে বা বুঝতে না পারেন, তাহলে আপনি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে বিনামূল্যে ভাষাগত পরিষেবার (যেমন দোভাষী বা অনুবাদ) সাহায্য পেতে পারেন।
- আপনার নিজের দোভাষী আনতে, দোভাষীর জন্য পেমেন্ট করতে, বা আপনার জন্য দোভাষীর কাজ করতে কোনো শিশু বা পরিবারের সদস্যের উপর নির্ভর করতে হবে না।
- যদি আপনার কোনো অক্ষমতা থাকে, তাহলে তথ্য বুঝতে সাহায্য করার জন্য আপনি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে বিনামূল্যে টুল ও পরিষেবা পেতে পারেন, যাকে সহায়ক সাহায্য ও পরিষেবা বলা হয়।

## আপনি কোথায় আরো তথ্য পেতে পারেন?

ভাষাগত অ্যাক্সেসের ক্ষেত্রে সহায়তার জন্য, এখানে যান: www.hhs.gov/LanguageAccess।
নাগরিক অধিকার এবং স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের গোপনীয়তার বিষয়ে সহায়তার জন্য, এখানে যান: www.hhs.gov/ocr।

## আপনি কিভাবে একটি অভিযোগ নথিভুক্ত করতে পারেন?

যদি আপনি মনে করেন যে জাতি, বর্ণ, যেখান থেকে এসেছেন, লিঙ্গ, বয়স, বা অক্ষমতার কারণে আপনার বা অন্য কারো সাথে অন্যায় আচরণ বা বৈষম্য করা হয়েছে, অথবা যদি আপনি মনে করেন আপনার বা অন্য কারো স্বাস্থ্য সংক্রান্ত তথ্য গোপন রাখা হয়নি, তাহলে আপনি HHS OCR-কে জানাতে পারেন।

- পরিবারের সদস্য, অ্যাডভোকেসি সংস্থা, বন্ধু, বা সহকর্মীর মতো কেউ একজন আপনার পক্ষে অভিযোগ দায়ের করতে পারেন।
- HHS OCR বিভিন্ন ফরম্যাটে তথ্য প্রদান করতে পারে (যেমন ব্রেইল বা বড় অক্ষরে ছাপানো তথ্য) এবং আপনাকে সাহায্য করার জন্য বিনামূল্যে পরিষেবা অফার করতে পারে, যেমন রিলে পরিষেবা বা ভাষাগত সহায়তা।

**একটি অভিযোগ দায়ের করা বা HHS OCR-এর সাথে যোগাযোগ করা:**

**ওয়েবসাইট: [www.hhs.gov/ocr](http://www.hhs.gov/ocr) | ইমেইল: [OCRMail@hhs.gov](mailto:OCRMail@hhs.gov) | ফোন: 1-800-368-1019 | TDD: 1-800-537-7697**